

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
শেরপুর, বগুড়া।

স্মারক নং-৩২.০১.১০৮৮.০০০.৬৪.০০৯.২৪ - ২০৬

তারিখ : ২৪/১১/২০২৪ খ্রিঃ


“নিয়োগ বিজ্ঞপ্তি”

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় শেরপুর উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন নিম্নোক্ত পদ সমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আহ্বায়ী প্রার্থী হিসেবে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমসং	পদের নাম	দৈনিক ভাতা	পদ সংখ্যা	যোগ্যতা
০১	সঙ্গীত শিক্ষক	দৈনিক ভিত্তিক ৫০০/- (পাঁচ শত) টাকা সপ্তাহে একদিন	১। মির্জাপুর ইউনিয়ন ০১ টি ২। শাহবন্দেঙ্গী ইউনিয়ন ০১ টি সর্বমোট ০২ (দুই) টি পদ শুন্য আছে	এস, এস, সি পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/সঙ্গীত শিক্ষক হিসেবে রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোনো একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।


শর্তাবলি :

- ১। প্রার্থীকে আগামী ২৪/১২/২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া বরাবর লিখিত আবেদন করতে হবে।
- ২। সঙ্গীত শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৩। আগামী ২৪/১২/২০২৪ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৪। আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্পত্তি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- ৬। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৭। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মান্বিত সনদ ও নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৯। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

  
(মোঃ আশিক খান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
সভাপতি

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প উপজেলা কমিটি  
শেরপুর, বগুড়া

  
২৪/১১/২০২৪